## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রুলী বিশ্বাস, প্রশাসক, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ১৯/১২/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৫/১১/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে এবং প্রশাসনিক ভবনের ক্লোজ সার্কিট ক্যামেরাগুলো অকেজো অবস্থায় আছে। পরিষদের নিরাপত্তার স্বার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়ের জন্য প্রস্তাব করেন। তিনি জানান উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(প) নং অনুচ্ছেদে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সভার সকলে উপজেলা প্রকৌশলীকে উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধের প্রেক্ষিতে উক্ত কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের মতামত প্রদান করেন। সভার সকলের মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন ও পরিষদের অভ্যন্তরে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন কাজটি কোটেশনের মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন ও পরিষদের অভ্যন্তরে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন কাজটি কোটেশনের মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| | | (খ) চেয়ারম্যান, মহেশ্বরীপুর ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান মহেশ্বরীপুর ইউনিয়নের হড্ডা গাংরোখি আক্তার গাজীর বাড়ি হতে শ্মশানঘাট অভিমুখে রাস্তাটি ঘুর্নিঝড় রেমালের আঘাতে ক্ষতিগ্রস্থ হওয়ায় জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে। উক্ত ইটের সোলিং রাস্তার বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্থ হয় তিনি রাস্তাটি জরুরী ভিত্তিতে সংস্কারের প্রস্তাব করেন। সভায় সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন। সভার সকলের মতামতে ভিত্তিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ সভায় পেশ করেন। উক্ত কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে মহেশ্বরীপুর ইউনিয়নের হড্ডা গাংরোখি আক্তার গাজীর বাড়ি হতে শ্মশানঘাট অভিমুখে রাস্তাটি সংস্কার কাজের জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) চেয়ারম্যান, আমাদী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান আমাদী ইউনিয়নের বেচপাড়া গনি সরদারের বাড়ি হতে লুৎফর সরদারের বাড়ি অভিমুখে রাস্তাটি জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে। উক্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে ইটের সোলিং দ্বারা উন্নয়ন কাজের জন্য সভায় প্রস্তাব করেন। সভায় সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন। সভার সকলের মতামতে ভিত্তিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ৪,৯৫,০০০/- (চার লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ সভায় পেশ করেন। উক্ত কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে আমাদী ইউনিয়নের বেচপাড়া গনি সরদারের বাড়ি হতে লুৎফর সরদারের বাড়ি অভিমুখে রাস্তাটি উন্নয়ন কাজের জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত ৪,৯৫,০০০/- (চার লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ঘ) চেয়ারম্যান, উত্তর বেদকাশী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান উত্তর বেদকাশী ইউনিয়নের হরিহরপুর পূজা মন্দির হতে প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তাটি ঘুর্নিঝড় রেমালের আঘাতে ক্ষতিগ্রস্থ হওয়ায় | (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উত্তর বেদকাশী | |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে। উক্ত ইটের সোলিং রাস্তার বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্থ হয় তিনি রাস্তাটি জরুরী ভিত্তিতে সংস্কারের প্রস্তাব করেন। সভায় সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন। সভার সকলের মতামতে ভিত্তিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলন সভায় পেশ করেন। উক্ত কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | ইউনিয়নের হরিহরপুর [illegible] মন্দির হতে [illegible] বিশ্বাসের বাড়িমুখে রাস্তাটি উন্নয়ন কাজের জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলন এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান বিগত ২৫-১১-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত কয়রা উপজেলা নভেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার ১(চ) নং অনুচ্ছেদে দক্ষিণ বেদকাশী ইউনিয়নের খাঁড়ুলাল আন্তজেলা খেয়াঘাটটি সংস্কারের প্রস্তাব গৃহীত হয়। সে মতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের প্রাক্কলন সভায় পেশ করেন। উক্ত বিষয়ে সভার সকলে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে উক্ত ঘাটটি সংস্কারের জন্য সকলে মতামত প্রদান করেন। | (ঙ) সভায় একে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে খাঁড়ুলাল আন্তজেলা খেয়াঘাটটি সংস্কারের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের প্রাক্কলন এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ছ) নং অনুচ্ছেদে বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে আলোকে উপজেলা পরিষদের অভ্যান্তরে সেপ্টেম্বর/২০২৪ হতে নভেম্বর/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাসের বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যান্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন। | (চ) সভায় একে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে সেপ্টেম্বর/২০২৪ হতে নভেম্বর/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাসের বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ছ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা হেড কোয়াটার হতে (দিঘীর পাড়)-গোলখালী সড়কের কাটকাটা গোলঘর হতে হরিহরপুর লঞ্চঘাট অভিমুখে রাস্তাটি পানি উন্নয়ন বোর্ডর বেড়ীবাঁধ নির্মাণের জন্য রাস্তায় বিদ্যমান ইটের সোলিং অপসরণ করা প্রয়োজন মর্মে পানি উন্নয়ন বোর্ডের ঠিকাদার জানান। তিনি সভায় আরও জানান যো উক্ত সোলিং রাস্তার ইট অপসরণের নিমিত্তে নিলাম করা প্রয়োজন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | (ছ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা হেড কোয়াটার হতে (দিঘীর পাড়)-গোলখালী সড়কের কাটকাটা গোলঘর হতে হরিহরপুর লঞ্চঘাট অভিমুখে রাস্তাটির ইট অপসরণের নিমিত্তে যথাযথভাবে নিলামের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনার সভায় নভেম্বর/২০২৪ মাসের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>২) কৃত্রিম প্রজনন:<br>ক) হিমায়িত সিমেন দ্বারা: ২৯০<br>খ) সংকর জাতের বাছুরের তথ্য: ১৬০<br>২) চিকিৎসা:<br>ক) গবাদি পশু: ১৬৭০ | -- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) হাঁস-মুরগি: ৭৭৯২<br>৩) টিকা প্রদান:<br>ক) গবাদি পশু: ০০<br>খ) হাঁস-মুরগি: ০০<br>তিনি আরও জানান উপজেলা ব্যাপি বিনামূল্যে ৫৩,০০০ ছাগল ও ভেড়ার পিপিআর ভ্যাক্সিনেশন করা হয়েছে। | | |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | |
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভার জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৯৬ টি। ২০২২-২৩ অর্থ বছরে ২,৩৪,০৫০/- টাকা অডিট ফি ধার্য করা হয়েছে এর মধ্যে ২,২৬,৭৪০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ৭৩,৪১২/- টাকা ধার্য করা হয়েছে এর মধ্যে ৭১,৩২০/- টাকা আদায় করা হয়েছে। যা সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে ব্যয় করা হয়ে থাকে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যদেরকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও বিভিন্ন সমিতি থেকে ৭৫ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।<br>অত্র উপজেলায় ০৩ টি আশ্রয়ণ প্রকল্প আছে (ক) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২), (খ) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (গ) মালিখালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭৬,১৩৪/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৬৮৬/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | -- | |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন | -- | |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন। | -- | -- |

| ক্রঃ নং | বিবরণ | টাকা/পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোট ঋণ তহবিল | ২৫,৩৮,৮০০/- | |
| ২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | ২,১৮,৩১,৫০০/- | |
| ৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | ৬,০০,০০০/- | |
| ৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ | ৮৭,৩০০/- | |
| ৫. | চলতি মাসে আদায়কৃত টাকার পরিমাণ | ৭৭,৬০০/- | |
| ৬. | চলতি মাসে আদায়ের হার | ৮৯% | |
| ৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | ২,০১,১১,৮৯০/- | |
| ৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | ১,৯৬,৮৬,৭৬৮/- | |
| ৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | ৯৭% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ণ খেলাপী টাকার পরিমাণ | ৩,৯৬,০৩২/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমাণ | ২৯,০৯০/- | |
| ১২. | ২০২৩-২৪ অর্থ বছরে প্রশিক্ষণ জোরদারকরণ | ০ জন | |
| ১৩. | ২০২৪-২৫ অর্থ বছরে প্রশিক্ষণ (রাজস্ব) | ১৫০ জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে (জোরদার+রাজস্ব) | ৯৩৬৮ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | ১২ জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | ৪৬৪৫ জন | |
| ১৭. | ঋণী সংখ্যা<br>রাজস্ব<br>জোরদারকরণ প্রকল্প<br>পরিবার | <br>১০৩৪ জন<br>১৩ জন<br>৩৪০ জন | |

তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় উপস্থাপন করেন | -- | -- |

| কর্মসূচির নাম | বিতরণ | অর্জন | মাঠে বকেয়া | | |
|---|---|---|---|---|---|
| | | | চলতি | মেয়াদ উত্তীর্ণ | মোট |
| মূল/কর্মসূচি/ আবর্তক | ৬৯.২৬ | ৯৫.০০ | ৭৯.৩৬ | ১৪.৪০ | ৯৩.৭৬ |
| সদাবিক | ৭৯.৫০ | ১০৫.০০ | ৫০.৪৮ | ৪৭.১২ | ৯৭.৬০ |
| পল্লী প্রগতি কর্মসূচি | ৩৯.০০ | ৫০.০০ | ৫৪.৮৭ | ৪.৪২ | ৫৯.২৯ |
| বীর মুক্তিযোদ্ধা | ৫.৩৮ | ৩.০০ | ১.৭৮ | ২.৬৪ | ৪.৪২ |
| ইরেসপো | ২৫৬.০০ | ৪০০.০০ | ২৩৯.৪৪ | ৩৮.৮১ | ২৭৮.২৫ |
| এসএমই | ২৬.০০ | ২৬.০০ | ৭১.৬০ | ০ | ১৭.৬০ |
| গুচ্ছগ্রাম | ৩৪.৫০ | ৯.৫০ | ৯.২৮ | ০ | ৯.২৮ |

তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৮৮/- |
| ০২. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯২/- |
| ০৩. | উপজেলা পরিষদ মালীর নভেম্বর/২০২৪ মাসের মজুরী বিল। | ১০,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদ সুইপারের নভেম্বর/২০২৪ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |
| ০৫. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপগাড়ীর নভেম্বর/২০২৪ মাসে মেরামত কাজের ব্যয় বিল। | ২৪,৯৫০/- |
| ০৬. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপগাড়ীর আগস্ট/২০২৪ হতে নভেম্বর/২০২৪ মাসের জ্বালানী তেলের বিল। (১০,৬৩২+১১,৩৪০+৯,৯২৩+২০,৫৫৪) | ৫২,৪৪৯/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/১২/২০২৪
রুলী বিশ্বাস
প্রশাসক
উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪-২৮- (৪৫)

তারিখঃ ১৯-১২-২০২৪ খ্রি।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৫। উপজেলা..................................................অফিসার, কয়রা, খুলনা।
০৬। চেয়ারম্যান......................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
০৭। জনাব ..................................................................,কয়রা, খুলনা।

১৯/১২/২০২৪
রুলী বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd

CamScanner